তোমরা নিজেদের ওপর, নিজেদের সন্তান-সন্ততির ওপর, নিজেদের ধন-সম্পদের ওপর বদ-দো‘আ করো না। কেননা হতে পারে তোমরা আল্লাহর এমন একটি সময় তা চাইলে যখন কিছু প্রার্থনা করা হলে তিনি তোমাদের দো‘আ কবুল করেন।

জাবের ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা নিজেদের ওপর, নিজেদের সন্তান-সন্ততির ওপর, নিজেদের ধন-সম্পদের ওপর বদ-দো‘আ করো না। কেননা হতে পারে
তোমরা আল্লাহর এমন একটি সময় কোনো কিছু চাইলে, যখন কিছু প্রার্থনা করা হলে তিনি তোমাদের ডাকে সাড়া দিয়ে দিবেন।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাদীসটিতে সতর্ক করেছেন এবং ধন-সম্পদ ও সন্তানদের ওপর বদ-দো‘আ করতে নিষেধ করেছেন। কারণ, দো‘আর বিষয়টি বড়ই গুরুত্ববহ। কখনো আল্লাহ সেটা তার বান্দাদের ওপর বাস্তবায়ন ঘটান। যদি সেটা দো‘আ কবুলের সময় হয়, তখন তার ক্ষতি দো‘আকারী ব্যক্তির ওপর এবং তার সাথে সংশ্লিষ্ট ধন-সম্পদ ও সন্তানের ওপর সংঘটিত হয়ে যাবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3231